শৈলকুপায় ধর্ষণ চেষ্টার মামলার প্রতিবাদে মানববন্ধন-বিক্ষোভ

জমি নিয়ে বিরোধের জেরে প্রতিপক্ষ কে ফাঁসাতে ৪বছরের শিশু কে জড়িয়ে মিথ্যা ধর্ষণ প্রচেষ্টার মামলা দেয়া হয়েছে বলে অভিযোগ উঠেছে। এ ঘটনায় ফুঁসে উঠেছে গ্রামবাসী। শত শত নারী-পুরুষ মানববন্ধন ও বিক্ষোভ করে ঘটনার প্রতিবাদ জানিয়েছে।

বৃহস্পতিবার বিকালে হরিহরা গ্রামের রাস্তায় এ বিক্ষোভ ও মানববন্ধন হয়। ঝিনাইদহের শৈলকুপা উপজেলা হরিহরা গ্রামে এ ঘটনা ঘটেছে। ধর্ষণ প্রচেষ্টার অভিযোগ আনা বিবাহিত যুবক নয়ন মন্ডল(২৪) ও শিশুটি সম্পর্কে মামাতো-ফুফাত ভাই-বোন ।

হরিহরা গ্রামে মানবন্ধনে অংশ নেয়া ছালেহা খাতুন, আন্না বেগম, মামুদ আলী, আব্দুল মামুন সহ কয়েকজন জানান, শিশু কে জড়িয়ে এমন মিথ্যা তারা মেনে নিতে পারছে না। যার বিরুদ্ধে অভিযোগ দেয়া হয়েছে তারা আপন আত্মীয়। বাড়ির জমা-জমি নিয়ে বিরোধে বিবাহিত এক যুবক কে ফাঁসানো হয়েছে। তারা মানববন্ধনে দাঁড়িয়ে ঘটনার সুষ্ঠ তদন্ত দাবি করেন । মানববন্ধন ও বিক্ষোভ থেকে আরো বলা হয়েছে, সুস্থ্য শিশুটির বিরুদ্ধে যে অভিযোগ আনা হয়েছে তার স্বপক্ষে কোন প্রমাণ নেই। মিথ্যা স্বাক্ষী সাজানো হয়েছে। ঘটনার কয়েকদিনেও শিশুটিকে হাসপাতালে নেয়া হয়নি। শিশুটিকে ঝিনাইদহ হাসপাতালে নেয়া না হলেও মামলায় মিথ্যা তথ্য দেয়া হয়েছে।

প্রসঙ্গত, গত ১০ অক্টোবর সন্ধ্যা সাড়ে ৬টার পরে হরিহরা গ্রামের কয়েম মন্ডলের স্ত্রী বেলী খাতুন অভিযোগ করেন, তার ৪ বছরের শিশু কে ধর্ষণের চেষ্টা করা হয়েছে। পাশের বাড়িতে বসবাসকারী রাশেদ মন্ডলের ছেলে নয়ন মন্ডল শিশুটিকে তার বাড়িতে নিয়ে ধর্ষণের চেষ্টা করে। অবশ্য এ অভিযোগ প্রথম থেকে অস্বীকার করে আসছে রাশেদ মন্ডলে পরিবার । তাদের দাবি আপন আত্মীয় হওয়ায় শিশুটি সব সময় কোলেপিঠে করে তারা আদরযত্ন করে কিন্তু বাড়ির জমাজমি নিয়ে দীর্ঘ বিরোধে ফাঁসাতে এমন অভিযোগ আনা হয়েছে।

এ ঘটনায় শিশুটির মা বেলী খাতুন থানায় নারী ও শিশু নির্যাতন আইনে ধর্ষণ প্রচেষ্টার মামলা করে নয়ন মন্ডলের বিরুদ্ধে । পুলিশ মামলা গ্রহণ করে নয়ন মন্ডল কে গ্রেফতার করেছে ।

পুলিশ জানিয়েছে শিশু ধর্ষণ প্রচেষ্টার অভিযোগের প্রেক্ষিতে মামলা নেয়া হয়েছে, অভিযুক্ত যুবক গ্রেফতার হয়েছে, বিস্তারিত তদন্তের পর আরো বিস্তারিত জানা যাবে।

কোটচাঁদপুরে জাতীয় স্যানিটেশন মাস ও বিশ্ব হাত ধোয়া দিবস পালিত

ঝিনাইদহের কোটচাঁদপুরে জাতীয় স্যানিটেশন মাস ও বিশ^ হাত ধোয়া দিবস পালন করা হয়েছে।

দিবসটি উদযাপন উপলক্ষে বৃহস্পতিবার সকালে উপজেলা পরিষদ চত্বর থেকে একটি বর্ণাঢ্য র্যালী বের করা হয়। র্যালীটি শহরের প্রধান প্রধান সড়ক প্রদক্ষিণ শেষে একই স্থানে শেষ হয়।

পরে উপজেলা পরিষদ চত্বরে হাতধোয়া কর্মসূচি পালন করা হয়। উপজেলা প্রশাসন ও উপজেলা জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তরের আয়োজনে এই র্যালী ও হাতধোয়া কর্মসূচির অনুষ্ঠিত হয়।

উপজেলা নির্বাহী অফিসার আসাদুজ্জামান রিপন ও উপজেলা পরিষদের চেয়ারম্যান শরিফুন্নেছা মিকির নেতৃত্বে র্যালীতে অংশ নেন, পৌর মেয়র মোঃ জাহিদুল ইসলাম জাহিদ, থানার অফিসার ইনচার্জ মাহবুবুল আলম, উপজেলা পরিষদের ভাইস চেয়ারম্যান রিয়াজ হোসেন ফারুক, মহিলা ভাইস চেয়ারম্যান পিংকি খাতুন,

উপজেলা প্রকৌশলী মোঃ রুহুল ইসলাম, উপজেলা কৃষি অফিসার মহসিন আলী, সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা সঞ্জয় কুমার, আওয়ামীলীগ নেতা নূরুল ইসলাম খাঁন বাবলু, সাবেক মুক্তিযোদ্ধা কমান্ডার তাজুল ইসলাম প্রমূখ।

অনুষ্ঠানে সার্বিক ব্যাবস্থাপনায় ছিলেন জনস্বাস্থ্য প্রকৌশল অফিসের উপ-সহকারী প্রকৌশলী মোঃ জিল্লুর রহমান।

হরিণাকুন্ডুতে যুবলীগের কর্মিসভা অনুষ্ঠিত

ঝিনাইদহের হরিণাকুণ্ডুু উপজেলার ২নং জোড়াদাহ ইউনিয়ন আওয়ামী যুবলীগের কর্মিসভা অনুষ্ঠিত হয়েছে। বৃহস্পতিবার বিকালে এই সভা অনুষ্ঠিত হয়।

কর্মিসভায় প্রধান অতিথি হিসাবে উপস্থিত থেকে বক্তব্য রাখেন উপজেলা আওয়ামী লীগ সভাপতি আলহাজ্ব মশিউর রহমান জোয়ার্দার।

এছাড়া উপজেলা যুবলীগের আহবায়ক ও জেলা পরিষদের সদস্য আশরাফুল হক জুয়েল, জোড়াদহ ইউনিয়ন আওয়ামী লীগের সভাপতি জহির রায়হান, হরিণাকুণ্ডু পৌর কমিশনার আবু সাইদ রুনু, আমরা মুক্তিযোদ্ধা সন্তান হরিণাকুণ্ডু শাখার সভাপতি সাদিক আহম্মেদ সুমন,

ইউনিয়ন যুবলীগ সভাপতি শওকত হোসেন, সাধারণ সম্পাদক আব্দুল্লা আল মামুন, ভায়না ইউনিয়ন যুবলীগের সাধারণ সম্পাদক আলতাফ হোসেন, জোড়াদাহ ইউনিয়ন ছাত্রলীগের নেতা রুবেল হোসেন প্রমূখ।

ঝিনাইদহে সড়ক দুর্ঘটনায় কসমেটিকস ব্যবসায়ী নিহত

ঝিনাইদহ-চুয়াডাঙ্গা মহাসড়কে টগর মন্ডল (৩০) নামে এক কসমেটিকস ব্যবসায়ী পূর্বাশা পরিবহনের চাপায় পিষ্ট হয়ে নিহত হয়েছে। নিহত ব্যক্তি সদর উপজেলার সাগান্না ইউনিয়নের নাথকুন্ডু গ্রামের শরিফুল ইসলামের ছেলে। এ দুর্ঘটনাটি ঘটেছে গতকাল বুধবার দিবাগত রাত ১১টার দিকে জেলা কারাগারের প্রধান ফটকের সামনে।

সংশ্লিষ্ট এলাকাবাসি সূত্রে জানা গেছে, বুধবার দিবাগত রাত ১১টার

দিকে টগর মন্ডল মোটরসাইকেলে চড়ে ডাকবাংলা বাজারের দিকে যাচ্ছিল।

এসময় তিনি সড়কের জেলা কারাগারের প্রধান ফটকে পৌঁছালে পেছন দিক থেকে পূর্বাশা পরিবহনের একটি গাড়ি তাকে চাপা দিয়ে চুয়াডাঙ্গার দিকে চলে যায়। স্থানীয় লোকজন তাকে উদ্ধার করে ঝিনাইদহ সদর হাসপাতালে নিয়ে যায়।

সেখান থেকে তাকে এ্যাম্বুলেন্সে ফরিদপুর মেডিকেল কলেজ হাসপাতালে পাঠানো হয়।

হাসপাতালে নিয়ে গেলে কর্তব্যরত চিকিৎসক টগর মন্ডলকে মৃত ঘোষণা করেন। ডাকবাংলা বাজারের বাসিন্দা আলী রেজা মাখন বলেন, টগর মন্ডল ডাকবাংলা বাজারে রুপসী কসমেটিকসের মালিক।

কোটচাঁদপুরে উপজেলা আইনশৃংঙ্খলা সভা অনুষ্ঠিত

ঝিনাইদহের কোটচাঁদপুর উপজেলা আইনশৃঙ্খরা কমিটির মাসিক সভা অনুষ্ঠিত হয়েছে। বৃহস্পতিবার সকালে উপজেলা পরিষদ মিলনায়তনে উপজেলা নির্বাহী অফিসার আসাদুজ্জামান রিপনের সভাপতিত্বে অনুষ্ঠিত হয়।

সভায় কোটচাঁদপুর উপজেলায় সার্বিক আইনশৃঙ্খলা পরিস্থিতিতে সন্তোষ প্রকাশ করে বক্তব্য রাখেন, উপজেলা পরিষদের চেয়ারম্যান ও উপজেলা আওয়ামীলীগ সভাপতি শরিফুন্নেছা মিকি, থানার অফিসার ইনচার্জ মাহবুবুল আলম, উপজেলা পরিষদের ভাইস চেয়ারম্যান রিয়াজ হোসেন ফারুক, মহিলা ভাইস চেয়ারম্যান পিংকি খাতুন,

কোটচাঁদপুর সরকারি কেএমএইচ কলেজের প্রভাষক আলমগীর হোসেন, আনসার ভিডিপি অফিসার আবেদুল হাসান শিমুল, সাবদারপুর ইউপি চেয়ারম্যান নওশের আলী ও দোড়া ইউপি চেয়ারম্যান কাবিল উদ্দীন প্রমূখ।

সভায় অন্যান্য বিষয়ের মধ্যে বর্তমানে দ্রব্যমূল্য স্বাভাবিক রাখতে বাজার মনিটরিংয়ের উপর গুরুত্ব দেওয়া হয়।

হরিণাকুণ্ডুতে বিশ্ব হাত ধোঁয়া দিবস পালিত

“উন্নত স্যানিটেশন নিশ্চিত করি, করোনা ভাইরাস মুক্ত জীবন গড়ি” এই শ্লোগানে ঝিনাইদহের হরিণাকুণ্ডুতে জাতীয় স্যানিটেশন মাস ও বিশ্ব হাত ধোঁয়া দিবস পালিত হয়েছে।

বৃহস্পতিবার সকালে উপজেলা প্রশাসন ও জনস্বাস্থ্য অধিদপ্তরের আয়োজনে দিবসটি উপলক্ষে একটি র্যালী বের করা হয়।

পরে উপজেলা পরিষদের সম্মেলন কক্ষে উপজেলা নির্বাহী কর্মকর্তা সৈয়দা নাফিস সুলতানার সভাপতিত্বে আলোচনা সভা অনুষ্ঠিত হয়। এতে প্রধান অতিথির বক্তব্য দেন উপজেলা পরিষদ চেয়ারমান জাহাঙ্গীর হোসাইন।

আলোচনা সভায় মহিলা ভাইস চেয়ারমান রেশমা খাতুন, কৃষি কর্মকর্তা হাফিজ হাসান, যুব উন্নয়ন কর্মকর্তা বেল্লাল হোসেন, প্রাণী সম্পদ কর্মকর্তা ড. মশিউর রহমান, ইউপি চেয়ারমান গোলাম মোস্তফা, মোহাম্মদ আলী, নাজমুল হুদা পলাশ, প্রেসক্লাব সভাপতি সাইফুজ্জামান তাজু প্রমূখ বক্তব্য দেন।

অনুষ্ঠানটি সঞ্চালনা করেন উপজেলা জনস্বাস্থ্য অধিদপ্তরের উপ-সহকারি প্রকৌশলী আল-আমীন।

ঝিনাইদহে জমি দখল, চাঁদা দাবি ও জীবন নাশের হুমকীর প্রতিবাদে

সংবাদ সম্মেলন

ঝিনাইদহ জমি দখল চাঁদা দাবি ও জীবন নাশের হুমকীর প্রতিবাদে সংবাদ সম্মেলন করেন জেনিয়া সোহানী খান বুলবুলি এক মহিলা। গতকাল বৃহস্পতিবার সকালে ঝিনাইদহ প্রেসক্লাবে এ সংবাদ সম্মেলন অনুষ্ঠিত হয়।

সংবাদ সম্মেলনে তিনি লিখিত বক্তব্যে দাবী করেন, ১৫ বছর আগে ভারত থেকে আসা সেবা হালদার, দিলীপ হালদার ও শীতল হালদারদের ঘরবাড়ি বানানোর কোন জায়গা না থাকায় মানবিক কারনে তাদেরকে থাকার জন্য মহেশপুরের ১৪৪ নং পুরন্দপুর মৌজার ৩৬৫১ নং দাগে ১৭ শতক জমির মধ্যে উত্তর পাশে ১১.৭৫ শতক জমিতে ঘর বানিয়ে থাকার অনুমতি দেন।

পরবর্তীতে সেই জমি ওদের নামে দলিল করে দেন তার মা ও ভাইয়েরা। ১৭ শতক জমির মধ্যে বাকী ০৫ শতক বুলবুলির নামে থাকে। ১৯৯৮ সালে এই ০৫ শতক জায়গাতে শিশু গাছ রোপন করে বাশের বেড়া দিয়ে ঘিরে রাখা হয়।

২০১৮ সালে ২ মে দিলীপ হালদার এলাকার কিছু ভুমিদস্যু ও সন্ত্রাসীর সহযোগিতায় বুলবুলির শিশু বাগান কেটে জমির উপর জোরপুর্বক টিনের ছাউনি দিয়ে ঘর তৈরি করে। খবর পেয়ে বুলবুলি ২০১৮ সালের ০৬ মে মহেশপুর থানায় অভিযোগ করেন। অভিযোগের ভিত্তিতে ০৮ মে থানা কর্তৃক নালিশী ঐ জমিতে সালিশ করে জমি ছেড়ে দিতে বলে। সে মোতাবেক দখলদার দিলীপ হালদার ২০১৮ সালের ৩০ অক্টোবর পর্যন্ত জমি খালি করার সময় নেন।

সময় পার হয়ে গেলেও তিনি জমি খালি না করায় বুলবুলি মহেশপুর নির্বাহী অফিসার বরাবর ২০১৯ সালের ২৫ ফেব্রয়ারি অভিযোগ করলে তিনি ৮মে নোটিশ প্রদান করেন। বুলবুলি পরপর দুই বার ঢাকা থেকে এসে শুনানীতে অংশ নিলেও দখলদার দিলীপ হালদাররা উপস্থিত হননি। উপরন্ত তিনি এলাকার সন্ত্রাসী দিয়ে বুলবুলিকে শারীরিক ও মানসিক ভাবে নির্যাতন করে যাচ্ছেন।

নুর হক ও দিলীপ হালদার গত বছর বুলবুলির উপর কোদাল দিয়ে হামলা চালিয়ে হত্যার চেষ্টা করেন। এ ঘটনায় বুলবুলি তাদের বিরুদ্ধে থানায় মামলা করলে নুর হক পুলিশের হাতে গ্রেফতার হয়। ২০২০ সালের ১ সেপ্টম্বর ঝিনাইদহের সাবেক পুলিশ সুপারের মধ্যস্থতায় দীলিপ ও শীতল হালদার ষ্ট্যাম্পে লিখিত দিয়ে ৭ সেপ্টম্বরের মধ্যে বুলবুলিকে জমি বুঝিয়ে দিবে বলে মুচলেকা দিলেও আজো ৫ শতক জমি

বুঝে দেয়নি। বরং এলাকার সংখ্যালঘুদের ব্যবহার করে দাগী সন্ত্রাসী ও টাউট বাটপারদের দিয়ে হত্যার হুমকী দিচ্ছে।

এর ধারাবাহিকতায় গত শুক্রবার থেকে মালিবাগ ডিবি হেড কোর্য়াটারের ইন্সপেক্টর সাব্বির পরিচয়ে ০১৭২০৬৬৮৮৮৭ নং ও এস পি মিজানের নাম ভাঙ্গিয়ে ০১৯৯৬৭০৫৬১৫নং মোবাইল থেকে ৫ লাখ টাকা চাঁদা দাবী করা হচ্ছে। এ ঘটনায় মহেশপুর থানায় মোবাইল নম্বর উল্লেখ করে একটি জিডি করেছেন। যার নং ৮৮৫।

এতে মহেশপুর উপজেলার পুরনন্দপুর গ্রামের শফি উদ্দীন খানের কন্যা জেনিয়া সোহানী খান বুলবুলি চরম নিরাপত্তাহীনতায় ভুগছেন বলে সাংবাদিক সম্মেলনে জানিয়েছেন

ঝিনাইদহে পৃথক দূর্ঘটনায় ২ জনের মৃত্যু

ঝিনাইদহে পৃথক দূর্ঘটনায় ২জনের মৃত্যু হয়েছে। সড়ক দূর্ঘটনায় ১জন এবং বিদ্যুৎস্পৃষ্টে এক শিশুর মৃত্যু বরন করেছে।

বুধবার রাত ১০টায় ঝিনাইদহ -চুয়াডাঙ্গা মহা সড়কের জেল খানার সামনের সড়কে ডাকবাংলা বাজারের রুপসী কসমেটিক্ ্েরর মালিক টগর মন্ডল (২৮) নামে এক যুবক ঢাকাগামী পূর্বাশা পরিবহনে পিষ্ট হয়ে আহত হয়।

পরে তাকে উন্নত চিকিৎসার জন্য ফরিদপুর মেডিকেল কলেজে নিয়ে গেলে বৃহস্পতিবার সকালে তার মৃত্যু হয়।

সে সদর উপজেলার নাদকুণ্ডু গ্রামের শরিফুল ইসলামের ছেলে।

অপর দিকে বৃহস্পতিবার সকালে একই উপজেলার ধোপাবিলা গ্রামে বিদ্যুৎস্পৃষ্টে ওয়ালিদ (৭) নামে এক শিশুর মৃত্যু হয়েছে। সে ধোপাবিলা গ্রামের আমিরুল ইসলামের ছেলে।

স্বজনরা জানান সকালে ওয়ালিদ ঘরের ফ্যান চালু করতে যায় , এসময় সে বিদ্যুতায়িত হয়। পরে সেখান থেকে তাকে গুরুতর আহত অবস্থায় ঝিনাইদহ

সদর হাসপাতালে নিয়ে গেলে কর্তব্যরত চিকিৎসক তাকে মৃত ঘোষণা করে।

ঝিনাইদহ সদর থানার ওসি মিজানুর রহমান ঘটনার সত্যতা নিশ্চিত করেছেন। এ ঘটনায় সদর থানায় অপমৃত্যু মামলা হয়েছে।

শৈলকুপায় মাদক বিক্রেতার কারাদন্ড

ঝিনাইদহ জেলা মাদকদ্রব্য নিয়ন্ত্রণ কার্যালয়ের মাদক বিরোধী অভিযানে এক মাদক বিক্রেতাকে বৃহস্পতিবার আটক করা হয়েছে। পরবর্তীতে বিজ্ঞ নির্বাহী ম্যাজিষ্ট্রেট ও সহকারী কমিশনার (ভূমি) পার্থ প্রতিম শীল এর মাধ্যমে ওই মাদক বিক্রেতাকে মোবাইল কোর্টে সাজা প্রদান করা হয়।

জানা যায় নিয়মিত মাদক বিরোধী অভিযানের অংশ হিসেবে ঝিনাইদহ জেলা মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরে একটি চৌকস টিম, বিজ্ঞ নির্বাহী ম্যাজিষ্ট্রেট ও সহকারী কমিশনার (ভূমি) পার্থ প্রতিম শীল এর নেতৃতে বৃহস্পতিবার সকাল ৮টায় শৈলকুপা উপজেলার গবিন্দপুর গ্রামের দুলাল শেখের পুত্র আবুল বাসার (২৯) কে হাতেনাতে ৫০ গ্রাম গাঁজা সহ আটক করে।

পরবর্তীতে বিজ্ঞ নির্বাহী ম্যাজিষ্ট্রেট ও সহকারী কমিশনার (ভূমি) পার্থ প্রতিম শীল ৩ মাসের বিনাশ্রম কারাদন্ড ও ১০০ টাকা জরিমানা অনাদায়ে আরো ৭ দিন বিনাশ্রম কারাদন্ড প্রদান করেন। সে দীর্ঘদিন অত্র এলাকায় মাদক ব্যবসা চালিয়ে আসছিল। তার আটক হওয়ায় এলাকাবাসী সন্তোষ প্রকাশ করে।

কালীগঞ্জে ফেনসিডিলসহ মাদক ব্যবসায়ী আটক

ঝিনাইদহের কালীগঞ্জে ফেনসিডিলসহ বসিরুল ইসলাম বসির (৪৫) নামে এক মাদক ব্যবসায়ীকে আটক করেছে থানা পুলিশ। এসময় তার কাছ থেকে ১৩০ বোতল ফেনসিডিল উদ্ধার করা হয়েছে।

বুধবা দুপুরে শহরের আয়েশা খাতুন তেল পাম্পের সামনে থেকে অভিযান চালিয়ে তাকে আটক করা হয়েছে। আটক বসির শহরের আড়পাড়া এলাকার গোলাম সরোয়ারের ছেলে।

কালীগঞ্জ থানার ওসি মুহা: মাহফুজুর রহমান মিয়া জানান, গোপন সংবাদের ভিত্তিতে শহরের আয়েশা খাতুন তেল পাম্প এলাকায় এসআই সুজাত আলী ও এএসআই তারিকুজ্জামানসহ সঙ্গীয় ফোর্স নিয়ে অভিযান চালিয়ে ১৩০ বোতল ফেনসিডিলসহ বশির নামে এক মাদক ব্যবসায়ীকে আটক করা হয়েছে।

তার বিরুদ্ধে কালীগঞ্জ থানায় মাদক আইনে মামলা হয়েছে।